

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
সংস্থাপন অধিশাখা  
www.cabinet.gov.bd

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.২৩. ২২৫

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩১  
১৬ এপ্রিল ২০২৪

নিয়োগপত্র


“বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪” সংশোধিত অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্বখাতভুক্ত ‘অফিস সহায়ক’ পদে ২০তম গ্রেডে ৮,২৫০-২০,০১০/- টাকার বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো (মেধাক্রম অনুযায়ী):

ক্রমিক নম্বর	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা/স্বামী ও মাতার নাম	ঠিকানা
১	16018998	ইফাত ইয়াছমিন পিতা: হানিফ মিয়া মাতা: আনোয়ারা বেগম	গ্রাম: বাইরাচা, ডাকঘর: দেওয়ানের চর উপজেলা: বেলাবো, জেলা: নরসিংদী
২	16006297	জাহাঙ্গীর আলম পিতা: চুন্সু মিয়া মাতা: বিরনা আক্তার	গ্রাম: আশুতিয়াপাড়া, ডাকঘর: করিমগঞ্জ উপজেলা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ
৩	16011399	মোঃ শাহিন কবির পিতা: মোঃ ফারুক হোসেন মাতা: শাহানারা বেগম	গ্রাম: গাবুরাপুর, ডাকঘর: শিওরদাহ উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর
৪	16005265	মোঃ আব্দুল মালেক পিতা: মোঃ আব্দুল হাকিম মাতা: ছাহেরা খাতুন	গ্রাম: হরিনা, ডাকঘর: টুকুরিয়া উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর

নিয়োগের শর্তাবলি:

- ক. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
- খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন।
- গ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ঘ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় শারীরিক যোগ্যতা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র ও ‘ডোপ টেস্ট’ সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্ট প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ঙ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নির্ধারিত হবে।
- চ. চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৮-০৪-২০২৪ তারিখ থেকে ০২-০৫-২০২৪ তারিখের (কর্মদিবসে) মধ্যে যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


  
 ২৬.০৪.২০২৪  
 (লুবনা সিদ্দিকী)  
 যুগ্মসচিব  
 ফোন: ৯৫১৪৯৯৫  
 ই-মেইল establishment\_sec@cabinet.gov.bd

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.২৩. ২২৫ (১৪)

০৩ বৈশাখ ১৪৩১  
তারিখ:-----  
১৬ এপ্রিল ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭। যুগ্মসচিব (ই-গভর্নেন্স), মন্ত্রিপরিষদ বিভাগ (নিয়োগপত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (পরিচালনা ও বাজেট), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৯। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব)।
- ১০। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব (উপসচিব)।
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ১৩। জনাব/মিজ.....
- ১৪। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি/সার্ভিস বহি কপি।

  
 ২৬.০৪.২০২৪  
 (লুবনা সিদ্দিকী)  
 যুগ্মসচিব